ফার্মেসী বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
সোনাপুর, নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

Department of Pharmacy
Noakhali Science and Technology University
Sonapur, Noakhali-3814, Bangladesh.

নোবিপ্রবি:ফার্মা:২০২৫ (8002)

সেপ্টেম্বর ২, ২০২৫

# এম.ফার্ম ভর্তি বিজ্ঞপ্তি

২০২৩-২৪ শিক্ষাবর্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগে এম.ফার্ম কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতাঃ**

১. প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক স্বীকৃত অন্য যে কোন বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউশন থেকে সংশ্লিষ্ট বিষয়ে বি.ফার্ম (সম্মান)/ বি.ফার্ম প্রফেশনাল/সমমানের ডিগ্রীধারী হতে হবে।
২. প্রার্থীর বি.ফার্ম (সম্মান)/ বি.ফার্ম প্রফেশনাল/সমমান পর্যায়ে কমপক্ষে জিপিএ ২.৫০ থাকতে হবে।
৩. যারা ন্যূনতম ১৮৫ ক্রেডিট সম্পন্ন করেছে এবং স্পেশাল টার্মের পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছে, তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে, স্পেশাল টার্মের ফলাফলের পর তাদের ২০০ ক্রেডিট সম্পন্ন না হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে (শুধু নোবিপ্রবি'র শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।
৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও অন্য যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে বি.ফার্ম (সম্মান)/বি.ফার্ম প্রফেশনাল/সমমানের ডিগ্রী সম্পন্নকারী ব্যতীত অন্যান্যদের ভর্তির লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে।

**ভর্তির নিয়মাবলীঃ**

১. ভর্তিচ্ছু শিক্ষার্থীরা বিভাগীয় অফিস থেকে ০২.০৯.২০২৫ হতে ১৮.০৯.২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে এবং লিখিত পরীক্ষা ও সাক্ষাতকারের তারিখ পরবর্তীতে জানানো হবে।
২. আবেদনের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে।
   ক) শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার গ্রেডশীট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
   খ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
   গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
৩. আবেদন ফরমের মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা।
৪. চাকরিরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকারী প্রতিষ্ঠান হতে অধ্যয়নকালীন সময় ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ মাসের ছুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
৫. বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত কি-না, চাকরিরত কি-না ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে।
৬. প্রার্থীর আবেদন বিবেচনা করে ভর্তি কমিটি থিসিস ও নন-থিসিস নির্ধারণ করবেন।
৭. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি দিতে হবে।

প্রফেসর ড. আ ফ ম শহীদ উদ দৌলা
চেয়ারম্যান, ফার্মেসী বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪।

অনুলিপি:

১. ডীন, জীব বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩. হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪. পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৬. নোটিশ বোর্ড
৭. নথি।